গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজী
৪৪-৫০, হাজারীবাগ, ঢাকা-১২০৯।

www.bclt.com.bd

ঃ ভর্তি বিজ্ঞপ্তি ঃ

শিক্ষা বর্ষ ঃ ২০০৯-২০১০ ইং ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদের অধীনে উপাদানকল্প বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজীতে ২০০৯-২০১০ শিক্ষা বর্ষে নিম্নবর্ণিত বিভাগ সমূহে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ।

কোর্সের নাম		মেয়াদ	আসন সংখ্যা
১.	বি এসসি ইন লেদার ইঞ্জিনিয়ারিং	৪ বৎসর	৪০ টি
২.	বি এসসি ইন ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং	৪ বৎসর	৪০ টি
৩.	বি এসসি ইন লেদার-প্রোডাক্টস্ ইঞ্জিনিয়ারিং	৪ বৎসর	৪০ টি
		সর্বমোট=	১২০ টি

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা ঃ

১. প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে ।

২. ২০০৯ সালের এইচ.এস.সি. বা সমমান অথবা ২০০৮ সালের মধ্যে এইচ. এস. সি. বা সমমানের পরীক্ষায় পাশ করিয়াছে এমন প্রার্থীগনই আবেদন করিতে পারিবে ।

৩. প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এস. এস. সি. কিংবা তার সমমান এবং এইচ. এস. সি. কিংবা তার সমমানের পরীক্ষায় কম পক্ষে মোট GPA 7.5 থাকিতে হইবে । তাছাড়া এইচ.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় অবশ্যই GPA নূন্যতম 4.0 থাকিতে হইবে । উলেখ্য যে, এস.এস. সি. ও এইচ. এস. সি. অথবা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বাদ দিয়ে GPA হিসাব করা হইবে ।

৪. GCE “O” লেভেল এবং “A” লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে GCE “O” লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে “B”এবং GCE “A” লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিতে গড়ে “B” গ্রেড পেয়ে পাশ করিতে হইবে । কোন বিষয়ে ‘D’ গ্রেড গ্রহণযোগ্য হইবে না । ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ কর্তৃক সমমানের সনদপত্র (Equivalent Certificate) আবেদনের সহিত দাখিল করিতে হইবে ।

৫. শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সামরিক কর্তকর্তাদের জন্য কেবলমাত্র একটি আসন (যেকোন বিভাগে) সংরক্ষিত থাকিবে। তবে সংরক্ষিত আসনে কোন ছাত্র/ছাত্রী ভর্তি না হইলে উক্ত আসনে মেধাতালিকা হইতে ভর্তি করানো হইবে।

আবেদন করিবার নিয়মাবলী ঃ

১৯-১২-২০০৯ ইং হইতে ২৪-০১-২০১০ ইং তারিখ পর্যন্ত ভর্তির আবেদন ফরম কলেজ ওয়েব সাইট (www.bclt.com.bd) থেকে Download করা যাইবে এবং তা A4 আকারের ৮০ (আশি) গ্রাম মানের সাদা অফসেট কাগজে প্রিন্ট নিতে হইবে। ডাউনলোডকৃত আবেদন ফরম যথাযথভাবে স্বহস্তে কলম দ্বারা পূরণ করিয়া নির্ধারিত ফি ৩০০/০০ টাকা প্রদান করিয়া জমাদান রশিদ এবং সংশিষ্ট দলিলাদি জমা দিয়ে অত্র কলেজের রেজিষ্ট্রার অফিস হইতে প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে । ভর্তির নিয়মাবলী এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি কলেজ ওয়েবসাইট হতে সংগ্রহ (ডাউনলোড) করিতে হইবে। ভর্তির নিয়মাবলী এবং ভর্তির আবেদন ফরম কলেজ হইতে সরাসরি প্রদান করা হইবে না।

আবেদন পত্রের সহিত যে সমস্ত প্রমাণ পত্র দাখিল করিতে হইবে ঃ

১. এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমানের পরীক্ষা পাশের সনদপত্র/সাময়িক সনদ পত্রের সত্যায়িত কপি ।

২. বোর্ড হইতে প্রাপ্ত এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমানের পরীক্ষার নম্বর পত্র/গ্রেড শীট এর সত্যায়িত কপি ।

৩. সদ্য তোলা পাস পোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি ।

ভর্তি পরীক্ষার প্রার্থী বাছাইঃ

কলেজ কর্তৃপক্ষ সকল আবেদন যাচাই-বাছাই করিবে । বাছাইয়ের পর বাতিলকৃত আবেদনকারীদের তালিকা কলেজ নোটিশ বোর্ডে ১৮-০২-২০১০ ইং তারিখ রোজ বৃহস্পতিবার দুপুর ৩:০০ ঘটিকায় জানাইয়া দেওয়া হইবে ।

লিখিত পরীক্ষার বিষয় সমূহ ঃ

বিষয়	নম্বর
রসায়ন	৬০
পদার্থ বিদ্যা	৪০
গণিত	৪০
ইঞ্জিনিয়ারিং ও রাসায়নিক প্রযুক্তি	৪০
ইংরেজী	২০
মোট =	২০০

ভর্তি পরীক্ষা ২০০৯ ইং সালের বিজ্ঞান বিভাগের এইচ.এস.সি/সমমানের পরীক্ষার সিলেবাস অনুযায়ী **MCQ** পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে । পরীক্ষার হলে সায়েন্টিফিক ক্যালকুলেটর (নন-প্রোগামেবল) ব্যবহার করা যাইবে । পরীক্ষা চলাকালীন সময়ে কোনক্রমেই মোবাইল ফোন ব্যবহার করা যাইবে না ।

ভর্তি পরীক্ষা ও ফল প্রকাশের সময়সূচী ঃ

পরীক্ষার তারিখ	পরীক্ষার সময়কাল	ফলাফল প্রকাশের তারিখ
০৫-০৩-২০১০ ইং রোজ শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে দুপুর ১১:৩০ ঘটিকা পর্যন্ত	পরীক্ষার দিন পরীক্ষার হলে জানানো হইবে ।

পরীক্ষার কেন্দ্র ও আসন বিন্যাস ঃ কেন্দ্রঃ বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজী ও ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট,তেজগাঁও ঢাকা।
আসনবিন্যাসঃ ০২-০৩-২০১০ ইং তারিখ দৈনিক প্রথম আলো ও দৈনিক আমাদের সময় এবং কলেজ ওয়েবসাইটে প্রকাশিত হইবে ।

প্রার্থী নির্বাচন ঃ

১. ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সহিত এস.এস.সিতে প্রাপ্ত জিপিএ (চতুর্থ বিষয় বাদে) এর ৮ গুণ এবং এইচ.এস.সিতে প্রাপ্ত জিপিএ (চতুর্থ বিষয় বাদে) এর ১২ গুণ যোগ করিয়া মেধা তালিকা প্রণয়ন করা হইবে ।

২. মোট আসনের ১০% মহিলা ও উপ-জাতীয়দের (দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় সনদ পত্র প্রদান সাপেক্ষে) জন্য একটি ও মুক্তিযোদ্ধা কোটায় প্রতিটি বিভাগে কেবলমাত্র একটি সংরক্ষিত থাকিবে। তবে পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় কম পক্ষে ২৫% নম্বর পাইতে হইবে ।

ভর্তির নিয়মাবলী ঃ

১. নির্বাচিত প্রার্থীকে ভর্তির পূর্বে ১০০/-(একশত) টাকা ফি প্রদান পূর্বক কলেজের মেডিকেল অফিসারের নিকট হইতে শারীরিক সুস্থ্যতার সনদ পত্র গ্রহণ করিতে হইবে । শারীরিক সুস্থ্যতার সনদ পত্র গ্রহণে ব্যর্থ হইলে ভর্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবে ।

২. নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৭-০৪-২০১০ ইং তারিখ হইতে ২৯-০৪-২০১০ ইং তারিখের মধ্যে ভর্তি হইতে হইবে । কোন প্রার্থী উক্ত সময়ের মধ্যে ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে । ০২-০৫-২০১০ ইং তারিখ হইতে ০৬-০৫-২০১০ ইং তারিখ পর্যন্ত অপেক্ষমান তালিকার আগ্রহী প্রার্থীদের আবেদন পত্র গ্রহণ করা হইবে । আবেদনকারীদের মধ্য হইতে মেধানুসারে ১০-০৫-২০১০ ইং তারিখ হইতে ১৩-০৫-২০১০ ইং তারিখ পর্যন্ত খালি আসন সমূহে ভর্তি করা হইবে। পরবর্তীতে আসন সংখ্যা শূন্য থাকিলে পুণরায় অপেক্ষমান তালিকাগুলো হইতে পর্যায়ক্রমে আবেদন পত্র গ্রহণ পুর্বক মেধাক্রমে ভর্তি করা হইবে ।

৩. ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকেই তাহার এস.এস.সি. ও এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র/গ্রেড শীট প্রদর্শণ এবং সংরক্ষণের জন্য কলেজে অবশ্যই জমা দিতে হইবে । তাহার নাগরিকত্ব ও অভিভাবকের আয়ের সনদপত্রও জমা দিতে হইবে ।

৪. নির্বাচিত প্রার্থীদের ভর্তির জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকা প্রয়োজন হইবে ।

৫. ভর্তি সম্পর্কে বিস্তারিত তথ্য জানার জন্য অত্র কলেজের একাডেমিক শাখায় যোগাযোগ করা যাইতে পারে । এ সংক্রান্ত নিয়মাবলী ভর্তি ফরমের সহিত সরবরাহকৃত নির্দেশিকায় পাওয়া যাইবে ।

৬. ভর্তি সংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন থাকিলে তাহা কলেজ নোটিশ বোর্ড-এ পাওয়া যাইবে।

৭. বর্ণিত শিক্ষা বর্ষে ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ঃ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর জানানো হইবে। ।

৮. ছাত্রাবাসে সীট সীমিত থাকায় খালি সীট (যদি থাকে) আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক বরাদ্দ দেওয়া হইবে ।

৯. ক্লাস শুরু হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে কোন ছাত্র/ছাত্রী ক্লাসে উপস্থিত হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তি সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে । এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন সাপেক্ষে শূন্য আসনে (যদি থাকে) অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রমে ভর্তি করা হইবে । ক্লাশ শুরুর ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হইবার পর কোনক্রমেই নতুন কোন ছাত্র/ছাত্রী ভর্তি করা হইবে না ।

১০. ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

(অধ্যাপক ড. মোঃ ফজলুল করিম)

চেয়ারম্যান, ভর্তি কমিটি
এবং
অধ্যক্ষ
বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজী
হাজারীবাগ, ঢাকা-১২০৯।
ফোনঃ ৮৬১৭৪৩৯ ।
www.bclt.com.bd

Mak/Admi.Test/2009-10